
# বিচারকর্তৃগণ -৪



© 2021 Comic Bible Society, LLC


শাসনকর্তাদের শাসনকালে ইস্রায়েলীয়দের দেশে একবার দুর্ভিক্ষ দেখা দিয়েছিল।
একজন ইফ্রাথীয় ইলীমেলক (যার অর্থ "আমার ঈশ্বর আমার রাজা") বৈৎলেহেম থেকে যর্দনের পশ্চিম দিকে মোয়াব দেশে গিয়ে বাস করতে লাগল...
এটা একটা প্রশ্নবিদ্ধ সিদ্ধান্ত ছিল। মোয়াবীয়রা অনেকদিন ধরে ইলীমেলক এর লোকদের কাছে শত্রুর মত ছিল কারণ তারা মোয়াবীদেরকে একটি অত্যাচারী বংশধন হিসাবে গণ্য করতো।
ইলীমেলক হয়তো একজন নেতা ছিলেন, তাই যখন তিনি চলে আসলেন তখন তার নিজের লোকেরা পরিত্যক্ত ও বিশ্বাসঘাতকতা বোধ করেছিল।
খারাপ বিষয় হল, কেউ কেউ বিশ্বাস করলো যে তিনি মোয়াবের জঘন্য দেবতাকে বিশ্বাস করার জন্য ইস্রায়েলের ঈশ্বরকে জলাঞ্জলি দিয়েছিলেন।
ইলীমেলকের স্ত্রীর নাম ছিল নয়মী ("হাসি-খুশি")। তাদের দুই ছেলে ছিল যাদের একজনের নাম মহলোন (অসুস্থ) ও অন্যজনের নাম কিলিয়োন (পরিত্যক্ত),দুর্ভিক্ষের সময় তাদের এই নাম দেয়া হয়েছিল।
ইলিমেলক মোয়াবে কিছুকালের জন্য রইলেন....আর সেখানেই তিনি মারা গেলেন।
তার স্ত্রী, নয়মী, একাই তার ছেলেদের দেখাশুনা করতেন।
তারা তাদের জাতির লোকদের এমনকি তাদের নিয়ম-কানুনের প্রতি বিশ্বস্ত ছিল না। কিলিয়োন মোয়াবীয় অর্পাকে, আর মহলোন মোয়াবীয় আরেকজনকে বিয়ে করলেন যার নাম...রূত।
রূত যে শুধুমাত্র সুন্দরী ছিলেন তা নয়, সেই সাথে তিনি একজন স্বার্থহীন মহিলা ছিলেন।
যাই হোক, তার স্বামীর দরুন তার কোন সন্তান হয় নি।

রূত ১:১-৪


তারপর কিলিয়োন ও মহলোন দুইজনই মারা গেলেন। তখনকার সময়ে যেখানে মহিলাদেরকে খুব সামান্যই মূল্য দেয়া হত সেখানে নয়মী ছিলেন একজন বৃদ্ধ বিধবা মহিলা।
আর তাই..
মা নয়মী, আমরা ব্যাগ গোছাচ্ছি কেন?
খড়ৎবস রঢ়ংস
আমরা যিহুদীয়ায় ফিরে যাচ্ছি। আমি শুনেছি যে সেখানকার দুর্ভিক্ষ কেটে গেছে আর এখানেই বা আর কি আছে যে আমরা পড়ে থাকবো!
যাইহোক, তাদের যাত্রাপথে নয়মীর মাথায় আরেকটি চিন্তা আসল...
আমার সন্তানেরা, তোমরা আমার ও আমার পরিবারের প্রতি অনেক দয়া করেছো ও বিশ্বস্ত ছিলে..
...কিন্তু এখন মোয়াবে তোমাদের নিজেদের বাড়ীতে ফিরে যাওয়া উচিত!
সদাপ্রভু তোমাদের আশীর্বাদ করুন যেন তোমরা দু'জনেই আবার শান্তিতে স্বামীর ঘর করতে পার!
সদাপ্রভু তোমাদের আশীর্বাদ করুন যেন তোমরা দু'জনেই আবার শান্তিতে স্বামীর ঘর করতে পার!
না! না!
মা নয়মী, আমরা আপনার সাথে যেতে চাই!
আমরা আপনার সঙ্গে আপনার লোকদের কাছেই ফিরে যাব!



রূত ১:৫-৯



ওহ, আমার সন্তানেরা--তোমরা ফিরে যাও! কেন তোমরা আমার সঙ্গে যাবে?
আমার আর কোন সন্তান নেই যাদেরকে আমি তোমাদের সাথে বিয়ে দিতে পারি! আমারও অনেক বয়স হয়ে গেছে আর সন্তান হওয়ার মত বয়স আমার নেই!
যদি আমি বিয়ে করিও--আজ রাতেই!-- আমার যদি ছেলে সন্তান হয়ও, তোমরা কি তাদের বড় হওয়া পর্যন্ত অপেক্ষা করবে?
না--তোমাদের থেকে আমার জীবন বেশি তেতো কারণ সদাপ্রভু আমার বিরুদ্ধে দাঁড়িয়েছেন!
অর্পা নয়মীকে চুম্বন করে বিদায় নিল.. কিন্তু রূত তাকে ছেড়ে গেল না।
রূত, তোমার জা ফিরে গেছে... তুমিও তোমার নিজের লোকদের ও দেবতাদের কাছে ফিরে যাও!
না!
দয়া করে আপনাকে ছেড়ে যেতে আমাকে জোর করবেন না...
আপনি যেখানে যাবেন, আমি সেখানে যাব...
আপনি যেখানে ঘুমাবেন, আমিও সেখানে ঘুমাবো...
আপনার লোকেরাই হবে আমার লোক আর আপনার ঈশ্বরই হবেন আমার ঈশ্বর!
আপনি যেখানে মরবেন আমিও সেখানে মরব আর সেখানেই যেন আমার কবর হয়...
এক মৃত্যু ছাড়া আর অন্য কিছু যদি আমাদের আলাদা করে তবে সদাপ্রভু যেন আমাকে শান্তি দেন!


ঠিক আছে, ঠিক আছে, আমার সন্তান...আমরা আর মোয়াবে ফিরে যাওয়ার বিষয়ে কথা বলব না...
এরপর তারা দু'জনে চলতে লাগলেন আর যব কাটবার সময় শুরু হতেই তারা বৈৎলেহমে গিয়ে উপস্থিত হলেন।
এ-ই কি আমাদের সেই নয়মী?
তাকে দেখতে বিমর্ষ লাগছে--আমিতো তাকে চিনতেই পারি নি!
তার সাথে ঐ বিদেশী মেয়েটা কে?
এটা তো -- একজন মোয়াবীয়!!
ওহ্ নয়মী -- এটা কি সত্যিই তুমি?
তোমার কি হয়েছে?
এত বছর তুমি কোথায় ছিলে?
আমার বন্ধুরা, সর্বশক্তিমান ঈশ্বর আমার জীবন তেতো করে দিয়েছেন...আমার স্বামী ও ছেলেরা মারা গিয়েছে আর মোয়াবেই তাদের কবর দেয়া হয়েছে।
আমি ভরা হাতে গিয়েছিলাম কিন্তু খালি হাতে ফিরে এসেছি...
আমাকে আর নয়মী যার অর্থ হাসি-খুশি বলে ডেকো না..আমাকে মারা বলে ডাক.. আমাকে তেতো বলে ডাক...
আসুন মা...আমরা আমাদের থাকার স্থান প্রস্তুত করি।
ওহ্, নয়মীর কি পরিনতি--এই বৃদ্ধ বয়সে তার যত্ন নেয়ার জন ঐ মোয়াবীয় মেয়ে ছাড়া আর কেউ নেই!



রূত ১:১৮-২২


যদিও নয়মীর বন্ধক রাখা জমি ছিল যা ইলিমেলকের নামে ছিল, তবুও তার কোন বাড়ী ছিল না, তাই তিনি একটি তাম্বুতে বাস করতেন।
মা, আমাদের খাবার প্রয়োজন। আমি ক্ষেতে গিয়ে পড়ে থাকা শস্যের শীষ কুড়িয়ে আনব কি? হয়তো কেউ কেউ আমাদের সাহায্য করবে।
হ্যাঁ মা, যাও, কিন্তু সতর্ক থেকো... যারা শস্য কাটবে তাদের মধ্যে কেউ কেউ বদরাগীও থাকতে পারে!
তখনকার সময়ে নিয়ম ছিল যারা শস্য সংগ্রহ করবে তারা মাঠের একেবারে কোনা থেকে শস্য কাটবে না...
এই কারণে সেখানে কিছু শস্য অবশিষ্ট পড়ে থাকতো যাতে গরীব ও বিদেশীরা তা টোকাতে বা সংগ্রহ করতে পারে।
রূত একই সঙ্গে গরীরও ছিল আবার বিদেশীও ছিল... আর সেই সাথে তার আর কোন উপায়ও ছিল না যার দ্বারা সে তার নিজের জন্য ও নয়মীর জন্য খাবার সংগ্রহ করতে পারে।
আর এমন হল যে, সে যেখানে শীষ কুড়াচ্ছিল সেটা ছিল ইলীমেলকের বংশের আত্মীয়ের ক্ষেত!
বৈৎলেহেমে তিনি একজন সম্মানীয় পর্যায়ের লোক ছিলেন। তার নাম ছিল বোয়স (যা অর্থ হল "তাঁহাতেই আমার শক্তি")
সেই সময়ে তিনিও বেৎলেহেম থেকে তার শস্য ক্ষেত্রে আসলেন যেন যারা শস্য কাটছেন তাদের শুভেচ্ছা জানাতে পারেন...
সদাপ্রভু তোমাদের সঙ্গে থাকুন!
সদাপ্রভু আপনারও সঙ্গে থাকুন আমার মালিক বোয়স!


আচ্ছা, আমাকে বলতো... এই যুবতী মেয়েটি কার?
মোয়াব দেশ থেকে নয়মীর সাথে যে মোয়াবীয় স্ত্রীলোকটি এসেছে এ সে-ই! সে আসলে খুবই শান্ত ও পরিশ্রমী!
সে অনুমতি চেয়েছিল যেন পড়ে থাকা শস্য সে কুড়াতে পারে আর মাত্র কিছুক্ষণ বিরতি নিয়ে সারা সকাল সে কাজ করে গেছে!
ওহ, হ্যাঁ... আমি অন্যদের কাছ থেকে তার সম্পর্কে শুনেছি!
যদিও তারা জানতো যে বোয়স একজন দয়ালু ব্যক্তি কিন্তু পরবর্তীতে যা ঘটল তার জন্য শস্য সংগ্রহকারীরা একটু বেশিই হতবাক হয়েছিল ...
এমনকি, রূত নিজেও বেশ আশ্চর্য হয়ে গেল!
এই মেয়ে, শোন। তুমি এই ক্ষেত ছাড়া অন্য কোন ক্ষেতে শীষ কুড়াতে না গিয়ে আমার কাজের মেয়েদের সঙ্গে এখানেই থেকো।
এই মেয়ে, শোন। তুমি এই ক্ষেত ছাড়া অন্য কোন ক্ষেতে শীষ কুড়াতে না গিয়ে আমার কাজের মেয়েদের সঙ্গে এখানেই থেকো।
আমার লোকেরা যে কূপ থেকে জল তুলেছে, পিপাসা পেলে তুমি সেখান থেকে জল খেয়ো।



রূত ২:৫-৯


রূত খুবই আবেগ-আপ্লুত হয়ে পড়ল আর বোয়সের সামনে মাথা নত করে তাকে প্রণাম করল...
মহাশয়, কেমন করে আপনি আমার প্রতি এত মনোযোগ দিচ্ছেন, আমিতো একজন বিদেশিনী?
তুমি তোমার শাশুড়ীর জন্য যা কিছু করেছো তা আমি শুনেছি...আর এ-ও শুনেছি যে তুমি তোমার মা-বাবা এবং জন্মস্থান ছেড়ে তোমার অজানা একটা জাতির মধ্যে তুমি বাস করতে এসেছো!
এইজন্য ঈশ্বর সদাপ্রভু যেন তোমাকে আশীর্বাদ করেন, ইস্রায়েলীয়দের ঈশ্বর সদাপ্রভু, যার জানার নিচে তুমি আশ্রয় নিতে এসেছ, তিনি যেন তোমাকে তোমার পাওনা পুরোপুরিই দেন!
হে আমার প্রভু, আপনার নিজের লোক মনে করে আপনি আমাকে যে দয়া দেখিয়েছেন তার জন্য ধন্যবাদ যদিও আমি আপনাদের নিজেদের লোক নই!
পরবর্তীতে, খাবারের সময়...
এস, এখান থেকে কিছু অংশ রুটি নিয়ে সিরকায় ডুবিয়ে খাও।
আর তখন যারা ফসল কাটছিল রূত তাদের কাছে গিয়ে বসলেন এবং পেট ভরে খাবার খেলেন। এমনকি খাবার পরেও কিছু বাকি রইল।
তারপর সে আবার শীষ কুড়াতে ফিরে গেল।

রূত ২:১০-১৪



সে ভাল চরিত্রে একজন মেয়ে। সে যদি আটিগুলোর মাঝখান থেকেও শীষ কুড়িয়ে নেয় তবুও তাকে তোমরা গালাগালি দেবে না।
সে ভাল চরিত্রে একজন মেয়ে। সে যদি আটিগুলোর মাঝখান থেকেও শীষ কুড়িয়ে নেয় তবুও তাকে তোমরা গালাগালি দেবে না।
ঠিক আছে, মালিক।
রূত সন্ধ্যা পর্যন্ত সেই ক্ষেতে শীষ কুড়াল। তারপর যে যব সে কুড়িয়েছিল তা ঝেড়ে মাপলে পর তার ওজন হল প্রায় আঠারো কেজি!
সে সেই শস্যগুলো নিয়ে নয়মীর কাছে ফিরে গেল আর সাথে খাবার পর যে খাবার বাকী ছিল সেটাও সে নিয়ে গেল।
কি আশ্চর্য! তুমি আজ কোথায় কুড়িয়েছ? মনে হয় কেউ কেউ তোমার প্রতি লক্ষ রেখেছে আর তোমাকে অনেক শীষ কুড়াতে দিয়েছে !
হ্যাঁ, আমি যে লোকের জন্য কাজ করেছি তিনি আমার প্রতি খুবই দয়ালু ছিলেন।
তার নাম হল বোয়স।


সেই লোকের প্রতি ঈশ্বর আশীর্বাদ করুন যা তিনি আজকে করেছেন!
ওহ, রূত -- তুমি জান এর অর্থ কি? সদাপ্রভু আমাদের প্রতি ক্রুদ্ধ হন নি!
বোয়স আমাদের নিকট আত্মীয় -- আমাদের একজন রক্ষাকারী!
মা, তিনি আমাকে আরো বলেছেন যে, আজকেই শেষ না বরং ফসল কাটা শেষ না হওয়া পর্যন্ত আমি যেন প্রতিদিনই তার লোকদের সঙ্গে সঙ্গে থাকি!
এটা তো খুবই চমৎকার খবর...আর হ্যাঁ, তুমি বরং তার কাজের মেয়েদের সাথে সাথেই থাক!
কাজেই যতদিন না যব আর গম কাটা শেষ হল ততদিন রূত বোয়সের কাজের মেয়েদের সঙ্গে সঙ্গে থেকে শীষ কুড়াবার কাজ করল।
আর সে তার কুড়ানো শস্য তার শাশুড়ীর সাথে ভাগাভাগি করে তার প্রতিও বিশ্বস্ত রইল।



তারপর কোন এক বিকেলে...
মা, তোমার জন্য আমার কিছু একটা ব্যবস্থা করতে হবে...যাতে আমি মারা যাওয়ার পর কেউ একজন তোমার যত্ন নিতে পারে!
আর আমার মনে হয় বোয়সই হবে ঠিক লোক!
তাছাড়াও, তিনি তো আমাদের আত্মীয় তাই না?
আমার কথা শোন... আজকে রাতে সে খামারে কাজ করবে...
তুমি স্নান কর...গায়ে সুগন্ধি মাখ...ভাল কাপড় চোপড় পড়...আর সেখানে যাও!
তার খাওয়া-দাওয়া শেষ না হওয়া পর্যন্ত তিনি যেন তোমাকে দেখতে না পান...
তারপর তিনি যখন শুতে যাবেন তখন তার শোয়ার জায়গাটা তুমি দেখে রাখবে...
পরে সেখানে গিয়ে তুমি তার পায়ের উপর থেকে চাদরটা সরিয়ে সেখানে শুয়ে পড়বে...কি করতে হবে তা তিনি তোমাকে বলে দেবেন।
এটা খুবই ঝুঁকিপূর্ণ কাজ... কিন্তু যতই কঠিন হোক না কেন রূতের জন্য একজন লোক দরকার যে তাকে সুরক্ষা দিতে পারবে!
আপনি যা বললেন আমি তার সবই করব...


তারপর....
আমি খুবই ভয় পেয়েছি...
কিন্তু আমার শাশুড়ীর সুরক্ষার জন্য এটা আমাকে করতেই হবে...
তার পরিবারকে পুনরায় গঠন করার জন্য!
যখন বোয়স ঘুমে আচ্ছন্ন হলেন, তখন রূত চুপি চুপি গিয়ে তার পায়ের কাছে শুয়ে পড়লেন।
মাঝ রাতে বোয়স হঠাৎ চমকে উঠে পাশ ফিরে দেখলেন যে একজন স্ত্রীলোক তার পায়ের কাছে শুয়ে আছে!
এ-এটা কে? কে তুমি?
আমি আপনার দাসী রূত, প্রভু।
দয়া করে আপনার চাদরের নিচে আমাকে আশ্রয় দিন আর আমাকে আপনার স্ত্রী হিসাবে গ্রহন করুন...
কারণ আপনি আমার দায়িত্ব বহনকারী আত্মীয়দের মধ্যে একজন!
সদাপ্রভু তোমাকে আশীর্বাদ করুন... তুমি ধনী-গরীব কোন যুবকের পিছনে যাও নি।
আর এটা নয়মীর প্রতি তুমি যে বিশ্বস্ততা দেখিয়েছো তার চেয়ে এইবার আরও বেশি বিশ্বস্ততা দেখালে!


তুমি ভয় পেয়ো না...তুমি যা চাইবে আমি তোমার জন্য তা-ই করব। আমার গ্রামের সকলেই জানে যে তুমি একজন ভাল মেয়ে।
যাই হোক, আমি তোমার দায়িত্ব বহনকারী আত্মীয়দের মধ্যে একজন বটে, কিন্তু আমার চেয়েও নিকট আত্মিয় আর একজন আছেন। কাল সকালে আমি যাব যেন তিনি তোমাকে গ্রহণ করেন।
যদি তিনি তোমার দায়িত্ব নিতে চান তবে ভালই, তিনিই তা করুন...
কিন্তু যদি তিনি রাজী না হন তবে আমি জীবন্ত সদাপ্রভুর দিব্য দিয়ে বলছি যে, আমি তোমার দায়িত্ব বহন করব।
সকাল পর্যন্ত তুমি এখানেই থাক...এত রাতে তোমার যাত্রা করা ঠিক হবে না!
তাই, সকাল না পর্যন্ত রূত সেখানেই রইলেন... তারপর বোয়স প্রার্থনা করলেন:
হে সদাপ্রভু, তুমি জান যে আমি রূতকে স্পর্শ করি নি...
দয়া করে কেউ যেন জানতে না পারে যে সে এখানে এসেছিল, যাতে আমার মধ্যে দিয়ে তোমার নাম অপবিত্র না হোক।
এরপর রূত যতটুকু বহন করতে পারবে সেই পরিমান শস্য তাকে দিয়ে দিলেন... যাতে খালি হাতে তার শাশুড়ী নয়মীর কাছে তাকে ফিরে যেতে না হয়।
এরপর, রূত বৈৎলেহেমে ফিরে আসলেন...
মা, কি হল?


বোয়স রূতের প্রতি যা যা করলেন সবকিছুই তিনি নয়মীর কাছে খুলে বললেন...
...আর তিনি আমাকে এই ছয় পাল্লা যব দিলেন আর বললেন খালি হাতে আমার শাশুড়ীর কাছে ফিরে যাওয়া উচিত হবে না!
মা, ব্যাপারটা শেষ পর্যন্ত কি হয় তা দেখ। আজই এর একটা ব্যবস্থা না করে তিনি থামবেন না!
এরপর, বোয়স সোজা শহরের ফটকে অন্য একজন দায়িত্ব বহনকারী আত্মিয়ের সাথে দেখা করার জন্য গেলেন...
ভাই, এখানে আসুন আর বসুন!
ওহ্, হ্যাঁ, কি খবর, ভাই বোয়স...
"আমাদের একটা বিষয় আছে যা সমাধান করা দরকার!"
তখন বোয়স গ্রামের আরো দশজন বৃদ্ধ নেতাদের ডাকলেন (এরা ছিলেন গোষ্ঠী বা বংশের নেতারা যারা বৈৎলেহেমের শাসনকর্তা ছিলেন)।
ধন্যবাদ, আমার ভাইয়েরা। আমার আত্মিয়ের সাথে একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করার আছে।
নয়মী মোয়াব দেশ থেকে ফিরে এসেছেন এবং আমাদের আত্মীয় ইলিমেলক দুর্ভিক্ষের সময়ে যে জমিটি বন্ধক রেখেছিলেন তা বিক্রি করতে চাইছেন...

রূত ৩:১৭ -- ৪:৪


তাই, আমি আপনাকে বলতে চাই, আপনি যদি তা এই প্রাচীনদের সামনে তা মুক্ত করতে চান, তাহলে এখানে তা করুন...
যদি তা না করেন তাহলে আমাকে বলুন যেন আমি করতে পারি কারণ প্রথমে আপনার অধিকার পরে আমার!
হুমমমমম...
এটা করার জন্য আমাকে শুধুমাত্র নয়মীকে বিয়ে করতে হবে যে সন্তান জন্ম দেয়ার মত বয়সে নেই... তাহলে ঐ জমি সম্পূণটাই আমার হয়ে যাবে!
ঠিক আছে, আমিই ওটা ছাড়িয়ে নেব!
তাহলে এটা স্পষ্ট করি, এই জমি কেনার অর্থ হল আপনি যেদিন সেই জমিটা নয়মীর কাছ থেকে কিনবেন সেই দিন মৃত লোকটির সম্পত্তির সঙ্গে তার নাম রক্ষা করবার জন্য মোয়াবীয় বিধবা রূতকেও আপনাকে গ্রহন করতে হবে।
কি--?! এর অর্থ এই জমি কোন দিনই আমার হবে না... এই কাজ করে আমি আমার নিজের সম্পত্তি নিয়ে বিপদে পড়ে যাব!
না, না, না -- আমার দ্বারা এটা হবে না! এর জন্য আমার নিজের সম্পত্তিই গোলমেলে হয়ে যাবে!
যদি তুমি চাও, তাহলে তা মুক্ত করে নাও ভাই, কারণ আমি তা করতে পারছি না।
(ছাড়িয়ে নেওয়া এবং সম্পত্তি বেচা-কেনার সমস্ত ব্যাপারটা আইনগত করবার জন্য তখনকার দিনে ইস্রায়েলীয়দের দেশের নিয়ম ছিল এই ঃ একজন তার জুতা খুলে অন্যজনকে দিত)।


আমি যে নয়মীর কাছ থেকে ইলিমেলক ও তার সন্তানদের সমস্ত সম্পত্তি কিনে নিলাম আপনারা তার সাক্ষী হলেন!
মৃত লোকের সম্পত্তি ও নাম যাতে রক্ষা পায় সেইজন্য আমি মোয়াবীয় বিধবা রূতকেও স্ত্রী হিসাবে গ্রহন করলাম!
আপনারা আজ এই সমস্ত বিষয়ের সাক্ষী হলেন!!
হ্যাঁ, আমরা সাক্ষী হলাম!
একজন অসাধু ব্যক্তি এই যুবতী বিধবাকে বিয়ে করার মধ্যে দিয়ে অথবা গোপনে জমি ক্রয় করার মধ্যে দিয়ে...
... তার লোকদের ধ্বংস করে দিতে পারত...
...কিন্তু আপনি সবার সামনেই সম্মানের সাথে কাজটি করলেন!
সদাপ্রভু রূতকে রাহেল ও লেয়ার মত করুন যাদের সন্তানেরা ইস্রায়েল জাতীর বারোটি বংশের পিতা!
সদাপ্রভু রূতকে রাহেল ও লেয়ার মত করুন যাদের সন্তানেরা ইস্রায়েল জাতীর বারোটি বংশের পিতা!


এরপর, বোয়স রূতকে বিয়ে করলেন... আর, যদিও রূত তার প্রথম স্বামীর দ্বারা কোন সন্তান জন্ম দিতে পারেন নি কিন্তু সদাপ্রভু তাকে একটি পুত্র সন্তান দিলেন...
ধন্য সদাপ্রভু, কারণ তিনি তোমাকে আজ একজন দায়িত্ব বহনকারী আত্মিয় দিলেন!
ইস্রায়েলীয়দের দেশের মধ্যে সবাই তার সুনাম করুক!
ছেলেটি যেন তোমাকে সতেজ করে তোলে এবং তোমার বুড়ো বয়সে তোমার দেখাশোনা করে...
...কারণ তোমার ছেলের বৌ, যে তোমাকে ভালবাসে এবং যে তোমার কাছে সাত ছেলের চেয়েও বেশি, তারই গর্ভে ছেলেটির জন্ম হয়েছে!
হ্যাঁ! নয়মীর একটা ছেলে হয়েছে!!!
...আর তারা তার নাম রাখলেন ওবেদ ("দাস")।
এই হল পেরসের বংশের তালিকা যিনি যিহুদা বংশের পিতা, যে বংশে বোয়সও আছেন...
পেরস ছিলেন হিষ্রোণের বাবা...
হিষ্রোণ ছিলেন রামের বাবা...
রামের ছেলে ছিল অম্মীনাদব...
অম্মীনাদবের ছেলে নহশোন...
নহশোনের ছেলে সল্মোন...
নহশোনের ছেলে সল্মোন...
বোয়স ছিলেন ওবেদের বাবা...
ওবেদের ছেলে যিশয়...
যিশয় ছিলেন ইস্রায়েলের মহান রাজা দায়ূদের বাবা।
অতএব, রূত ও বোয়স ছিলেন মসীহ...যীশু খ্রীষ্টের পূর্বপুরুষ!



ইলকানা নামের একজন লোক যিনি ইফ্রয়িম দেশের পাহাড়ী এলাকায় বাস করতেন আর তার দুইজন স্ত্রী ছিল।
একজনের নাম ছিল হান্না আর অন্যজনের নাম ছিল পনিন্না।
পনিন্নার সন্তান ছিল কিন্তু হান্না বন্ধ্যা ছিলেন।
প্রত্যেক বছর তিনি শিলোহ শহরে পশু-উৎসর্গ করার জন্য যেতেন।
সেখানে দুইজন পুরোহিত ছিল, হফনি ও পীনহস, যারা ছিলেন পুরোহিত এলিয়ের ছেলে।
পশু-উৎসর্গের দিনে ইলকানা তার স্ত্রী পনিন্না ও তার সব ছেলে-মেয়েদের তার উৎসর্গ করা মাংসের একটা করে ভাগ দিতেন।
কিন্তু হান্নাকে দিতেন দুই ভাগ, কারণ তিনি হান্নাকে ভালবাসতেন--আর যেহেতু তার কোন সন্তান ছিল না তাই তিনি তার প্রতি সহানুভূতিশীল ছিলেন।
সম্ভবত ঈশ্বর তোমাকে ভুলে গেছেন--তোমার আর সন্তান জন্ম দেয়ার মত ক্ষমতা নেই।
কিন্তু আমি--আমি আমার স্বামীর জন্য ছেলে ও মেয়ে উভয়ই জন্ম দিতে সক্ষম।
কেন তুমি কিছু খাচ্ছ না? কেন তোমার এত দুঃখ?
আমি কি তোমার কাছে দশটা ছেলের চেয়েও বেশী নই?


১ শমূয়েল ১:১-৪



কোন এক সময় শীলোতে আরাধনা করার জন্য হান্না উপাসনা ঘরের ভিতরে প্রার্থনা করার জন্য প্রবেশ করলেন।
হে সর্বক্ষমতার অধিকারী সদাপ্রভু, তুমি যদি তোমার এই দাসীর মনের কষ্টের দিকে চেয়ে দেখ আর আমাকে একটা ছেলে দাও -- তবে সারা জীবনের জন্য আমি তাকে তোমার উদ্দেশ্যে দান করব।
তুমি কেন সদাপ্রভুর ঘরে মদ খেয়ে নিজেকে মাতাল করে রেখেছ? মদ আর খেও না!
হে আমার প্রভু, তা নয়! আমি বড় দুঃখীনি আর আমি সদাপ্রভুর কাছে আমার অন্তর ঢেলে দিচ্ছিলাম।
আমি কোন বাজে স্ত্রীলোক নই -- শুধুমাত্র দুঃখী ও দুশ্চিন্তাগ্রস্থ।
তোমার মন শান্ত হোক আর ইস্রায়েলীয়দের ঈশ্বরের কাছে তুমি যা চেয়েছো তা যেন তিনি তোমাকে দেন।
এই দাসীর উপর আপনার দয়া থাকুক।
ঈশ্বর তার প্রার্থনা শুনলেন আর ইনকানার জন্য তার একজন ছেলে সন্তান হল।
তিনি তার নাম রাখলেন শমূয়েল যার অর্থ হল “আমি সদাপ্রভুর কাছ থেকে তাকে চেয়ে নিয়েছি।”


এই বছর পশু-উৎসর্গের জন্য কি তুমি আমার সঙ্গে যাবে না?
ছেলেটিকে বুকের দুধ ছাড়ানোর পর আমি তাকে নিয়ে সদাপ্রভুর সামনে উপস্থিত হব।
যাতে সে সাবজীবন সেখানেই থাকতে পারে।
তার প্রতিজ্ঞানুসারে হান্না সদাপ্রভুর উদ্দেশে উৎসর্গ করার জন্য শিলোতে ফিরে গেলেন--আর সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় ছিল, তার সঙ্গে তার ছেলেও ছিল।
তিনি শমূয়েলকে সদাপ্রভুর উদ্দেশে উৎসর্গ করলেন যেন তিনি সারাজীবন সদাপ্রভুর সেবা করতে পারেন।
হে আমার প্রভু, -- আমিই সেই স্ত্রীলোক যে আপনার সামনে দাঁড়িয়ে সদাপ্রভুর কাছে প্রার্থনা করেছিলাম।
আমি এই ছেলেটিকে চেয়েই প্রার্থনা করেছিলাম, আর তাই আমিও ছেলেটিকে সদাপ্রভুকে দিলাম।
সে যতদিন বাঁচবে ততদিন সদাপ্রভুরই থাকবে।
সদাপ্রভুকে নিয়েই আমি আনন্দ করি; আর সদাপ্রভুই আমাকে জয় দান করেছেন।
তুমি ছাড়া আর কোন ঈশ্বর নেই; আমাদের ঈশ্বরের মত আশ্রয়-পাহাড় আর নেই।
তুমি ছাড়া আর কোন ঈশ্বর নেই; আমাদের ঈশ্বরের মত আশ্রয়-পাহাড় আর নেই।
তার বাবা-মা বাড়ীতে ফিরে গেলেন কিন্তু বালকটি এলিয়ের নেতৃত্বে ঈশ্বরের একজন সেবাকারী হয়ে উঠলেন।



যাই হোক, এলির ছেলেরা ছিল ভীষণ দুষ্ট..
তুমি মাংসের এই অংশটি নিতে পার না!
পুরোহিত হিসাবে আমি যে অংশ চাইব সেটাই নিতে পারব।
আমার সাতে এস!
তুমি কিভাবে পার? এখানে আমরা ঈশ্বরের আরাধনা করি?
সবসময়ই তারা সদাপ্রভুর উদ্দেশে এই সব উৎসর্গের জিনিসগুলোকে তুচ্ছ করত।
...সদাপ্রভুর চোখে এই যুবক পুরোহিতদের পাপ ভীষণ হয়ে দেখা দিল।
শমূয়েলের মা তার জন্য একটি ছোট জামা তৈরী করে আনতেন আর শমূয়েল মসীনা সূতার এফোদ পরে এলির মত সদাপ্রভুর সেবার কাজ করতে লাগলেন।
আর এলি ইলকানা ও তার স্ত্রীকে আশীর্বাদ করলেন।
এই স্ত্রীলোকটি সদাপ্রভুর কাছে যে সন্তানকে দিয়েছে তার বদলে সদাপ্রভু এই স্ত্রীর গর্ভে তোমাকে আরও সন্তান দিন।
আর ঈশ্বর তাদেরকে তিন ছেলে ও দুই মেয়ে দিলেন।
কিন্তু এলি পুরোহিত তার ছেলেদের মন্দ ব্যবহারের জন্য তাদের বকা দিতে লাগলেন...
মানুষ যদি মানুষের বিরুদ্ধে পা করে তবে ঈশ্বর তার মীমাংসা করতে পারেন -- কিন্তু যদি কোন মানুষ সদাপ্রভুর বিরুদ্ধে পাপ করে তবে তার জন্য কে মিনতি করতে পারবে?
...কিন্তু তারা তাদের হৃদয় শক্ত করে রাখলো আর তাদের বাবার কথা কান দিল না।


শমূয়েল বড় হয়ে উঠতে লাগলেন এবং সদাপ্রভু ও মানুষের কাছে ভালবাসা পেতে থাকলেন।
কিন্তু সদাপ্রভু তাঁর একজন লোককে এলির কাছে পাঠালেন।
তোমার পূর্বপুরুষেরা যখন মিসরে ফরৌনের অধীন ছিল তখন তাদের কাছে কি আমি নিজেকে স্পষ্টভাবে প্রকাশ করি নি?
ইস্রায়েলীয়দের সমস্ত গোষ্ঠীর মধ্যে থেকে আমি লেবীয়দের বেছে নিয়েছি যাতে তারা আমার বেদীর কাছে গিয়ে ধূপ জ্বালাতে পারে।
তাহলে কেন তুমি আমার উৎসর্গকে অসম্মান করছ?
কেন তুমি আমার চেয়ে তোমার ছেলেদের বড় করে দেখছ?
সেইজন্য ইস্রায়েলীয়দের ঈশ্বর সদাপ্রভু বলছেন
যারা আমাকে সম্মান করবে আমি তাদের সম্মান করব আর যারা আমাকে তুচ্ছ করবে তাদের তুচ্ছ করা হবে।
তোমার বংশে আর কোন লোক বুড়ো বয়স পর্যন্ত বাঁচবে না।
তোমার দুই ছেলে একই দিনে মারা যাবে,-- আর সেটাই হবে তোমার জন্য একটা চিহ্ন।
আমি আমার জন্য একজন বিশ্বস্ত পুরোহিত দাঁড় করাবো যে আমার মন বুঝে আমার ইচ্ছামত কাজ করবে।
আমি তার বংশকে স্থায়ী করব এবং সে সব সময় আমার অভিষেক-করা লোকের সেবা করবে।


সেই সময় সদাপ্রভুর বাণী খুবই কম শোনা যেত।
কিন্তু একরাতে ঈশ্বর সদাপ্রভু কথা বললেন...
এই যে আমি।
এই যে আমি; আপনি আমাকে ডেকেছেন।
না, আমিতো তোমাকে ডাকি নি। তুমি গিয়ে শুয়ে পড়।
এইভাবে তিনবার হওয়ার পর এলি তাকে নির্দেশনা দিলেন...
পরবর্তীতে তিনি যদি তোমাকে ডাকেন তবে বলবে, “বলুন সদাপ্রভু, আপনার দাস শুনছে।”
শমূয়েল! শমূয়েল!
বলুন প্রভু, আপনার দাস শুনছে।
দেখ, আমি ইস্রায়েলীয়দের মধ্যে এমন কিছু করতে যাচ্ছি যার কথা শুনে সবাই শিউরে উঠবে।
আমি এলির বংশের বিষয়ে যা বলেছি তার প্রথম থেকে শেষ পর্যন্ত সবই এলির বিরুদ্ধে পূর্ণ করব।
তার ছেলেরা নিজেদের মাথায় অভিশাপ ডেকে এনেছে, অথচ সে তাদের সংশোধনের চেষ্টা করে নি।
তাদের অন্যায় কখনই ঢাকা দেওয়া যাবে না।


বাবা শমূয়েল, আমার কাছে এস।
এই যে আমি।
গতরাতে ঈশ্বর তোমাকে কি বলেছেন?
আমার কাছ থেকে তুমি তা লুকায়ো না।
ঈশ্বর আমাকে বলেছেন যে তিনি ইস্রায়েলীয়দের মধ্যে নতুন কিছু করতে যাচ্ছেন--যার কারণে লোকের শিউরে উঠবে।
পিনহস ও হফনি সদাপ্রভুর বিরুদ্ধে যা করেছেন তার জন্য তার ও আপনার পরিবার ধ্বংস হয়ে যাবে।
তিনিই সদাপ্রভু। তার কাছে যা ভাল মনে হয় তিনি তা-ই করুন।
সদাপ্রভু শমূয়েলের সঙ্গে রইলেন আর সব লোকেরা বুঝতে পারলেন যে তিনি ঈশ্বরের একজন ভাববাদী ছিলেন।
ঈশ্বর শমূয়েলের কাছে তাঁর বাক্যের মধ্যে দিয়ে নিজেকে প্রকাশ করতেন আর ইস্রায়েলের সমস্ত লোকেরা তাকে সম্মানের সাথে দেখতে লাগল।

১ শমূয়েল ৩:১৫-২১


যখন পলেষ্টিয়রা ইস্রায়েলীয়দের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য বড় সৈন্য সাজালো তখন ঈশ্বরের কথা সত্যি বলে প্রমানিত হল।
যুদ্ধের প্রথম দিনেই চার হাজার ইস্রায়েলীয়রা মারা গেল।


কেন আমরা পরাজিত হলাম?!
কেন ঈশ্বর এমন করলেন?
আমাদের অবশ্যই শীলোহ থেকে সদাপ্রভুর সাক্ষ্য-সিন্দুক ফিরিয়ে নিয়ে আসতে হবে।


ঠিকককক!
আমরা আর পরাজিত হব না-- কারণ ঈশ্বর আমাদের সঙ্গে আছেন কারণ তার সাক্ষ্য-সিন্দুক আমাদের ছাউনিতে আছে।
সাক্ষ্য-সিন্দুক আমাদের অপরাজেয় করে রাখবে।


ইস্রায়েলীয়দের ছাউনিতে একজন ঈশ্বর এসেছেন--আমরা এখন বিপদে আছি!
এই দেবতারাই মরু এলাকায় বিভিন্ন মড়ক দিয়ে মিসরীয়দের মেরে ফেলেছিল!
তোমরা বুকে সাহস বাঁধ আর তোমরা যে পুরুষ তা দেখিয়ে দাও -- নতুবা তোমরা তাদের দাস হয়ে পড়বে।


পরের দিন আরো বেশি লোকেরা মারা গেল--ত্রিশ হাজার লোক ইস্রায়েলীয়
সৈন্যরা পলেষ্টিয় সৈন্যদের হাতে মারা পড়ল।
আর পলেষ্টিয়রা তাদের সাক্ষ্য-সিন্দুক
নিয়ে চলে গেল।
আর ঈশ্বরের ভবিষ্যতবানী সত্যিতে পরিনত হল--একই
দিনে এলির দুই দুষ্ট ছেলে মারা গেল।


এই গোলমাল কিসের--আর ঈশ্বরের সাক্ষ্য-সিন্দুক কোথায়?
পলেষ্টিয়দের সামনে থেকে ইস্রায়েলীয়রা পালিয়ে গেছে আর অনেক লোক মারা পড়েছে।
আপনার দুই ছেলেও মারা গেছে...
...আর ঈশ্বরের সাক্ষ্য-সিন্দুক এখন ঐ ত্বকছেদ না করা পলেষ্টিয়দের হাতে।
যখনই এলি এই দুঃসংবাদ শুনলেন তিনি পিছন দিকে পড়ে গেলেন আর তার ঘাড় ভেঙ্গে গেল।
ঐ একই সময়ে তার বৌমা, পিনহসের স্ত্রী সন্তান প্রসব করল।
প্রসবের পর যখন তিনি মারা যাচ্ছিলেন তখন তিনি এই বিষয়ে বললেন...
তার নাম ঈখাবোদ রেখ--কারণ ঈশ্বরের গৌরব চলে গেছে।


বিজয়ী পলেষ্টিয়রা ঈশ্বরের সিন্দুকটি এবন-এষর থেকে অসদোদ শহরে নিয়ে গেল।
ঈশ্বরের সিন্দুকটি তারা দাগোন দেবতার মন্দিরে নিয়ে গিয়ে দাগোনের মূর্তির পাশেই রাখল।
পরের দিন...
দাগোন দেবতার কি হয়েছে?!
সে উবুড় হয়ে পড়ে আছে! কে এটা করল?
দাগোন তার সম্মানের জায়গায় অবশ্যই বসবে।
...যেন তিনি আমাদের লোকদের রক্ষা করতে পারেন তাতে আমরা সমুদ্র বা ভূমি যেখানেই থাকি না কেন।
এমনকি যুদ্ধক্ষেত্রেও।
পরের দিন...
দাগোন--তার হাত নেই...
আর তার মাথা...সবকিছুই মাটিতে গড়াগড়ি খাচ্ছে।
আমরা ইব্রীয়দের ঈশ্বরকে রাগান্বিত করে তুলেছি!


ইস্রায়েলীয়দের ঈশ্বরের সিন্দুকটি সরিয়ে ফেল--এটি আর আমাদের সাথে থাকবে না!
তাঁর হাত আমাদের ও আমাদের দেবতা দাগোনকে ভিষণভাবে আঘাত করেছে।
তাঁর হাত আমাদের ও আমাদের দেবতা দাগোনকে ভিষণভাবে আঘাত করেছে।
ঠিক আছে, আমরা এটিকে গাৎ শহরে নিয়ে যাচ্ছি।
এই সিন্দুকটি এখান থেকে সরিয়ে নাও--তাদের ঈশ্বর আমাদেরকে শাস্তি দিচ্ছেন!
অসম্ভব যন্ত্রনা--এই ফোঁড়া গুলো আমাদের মেরে ফেলছে!
এটা অবশ্যই ইব্রীয়দের ঈশ্বরের কাজ-আমরা শুনেছি কিভাবে তিনি মিসরীয়দের প্রতি এগুলো করেছিলেন।
ঠিক বলেছো! এই অভিশপ্ত জিনিসটিকে ইক্রোনে নিয়ে যাও।
এটা নিয়ে দুরে থাক-তোমরা আমাদের শহরে প্রবেশ করবে না!
আমরা ইস্রায়েলের ঈশ্বরের অভিশাপের মধ্য পড়তে চাই না।
পলেষ্টিয় শাসনকর্তা ও গণকরা একসাথে মিলে পরামর্শ করতে লাগলো যে এটা নিয়ে কি করা যায়...
ঈশ্বরের সিন্দুকটি ইস্রায়েলীয়দের কাছে পাঠিয়ে দিন তাহলে আপনারা সুস্থ হবেন।
"সোনার ফোঁড়া ও ইদুর তৈরী কর যা আমাদের দেশকে ধ্বংস করে দিচ্ছে।"
"আগে কখনো ব্যবহার হয় নি এমন গাভীর গাড়িতে করে সিন্দুকটি ইস্রায়েলীয়দের কাছে পাঠিয়ে দিন।"
"যদি তারা ইস্রায়েলীয়দের দিকে যায় তাহলে বুঝবেন যে সবকিছু ঈশ্বরের হাতেই হয়েছে।"
"আর যদি তা না হয় তাহলে বুঝবেন যে তা আমাদের উপর এমনি এমনিই ঘটেছে।"


দেখ-ঈশ্বরের সিন্দুকটি দেখা যাচ্ছে।
আমি বিশ্বাসই করতে পারছি না-ঈশ্বর তাঁর লোকদের কাছে এটি ফেরত নিয়ে এসেছেন।
এই দিকে দেখ--সোনার ফোঁড়া আর সোনার ইঁদুর।
এটা ঈশ্বরেরই কাজ--আমাদের অবশ্যই তাঁকে সম্মানিত করতে হবে।
এই গাভী দুটোকে কাট আর আস আমরা সদাপ্রভুর উদ্দেশে পোড়ানো--উৎসর্গের অনুষ্ঠান করি।
হ্যাঁ, প্রত্যেকটির পাঁচটি করে রয়েছে-এগুলো হচ্ছে পলেষ্টিয়দের পাঁচটি শহরের জন্য দোষার্থক উৎসর্গ।
ঠিককককক!
কিন্তু ঐ শহরের সত্তরজন লোক মারা গেছে...কারণ তারা সদাপ্রভুর সিন্দুকের ভিতরে চেয়ে দেখার সাহস দেখিয়েছিল।
কিরিয়ৎ-যিয়ারীমের লোকেরা আসলেন আর সদাপ্রভুর সিন্দুকটি নিয়ে গেলেন এবং ইলিয়াসরকে পুরোহিত হিসাবে আলাদা করা হল--যেন তিনি সদাপ্রভুর সিন্দুকটির দেখাশোনা করতে পারেন।


সদাপ্রভুর সিন্দুকটি কিরিয়ৎ-যিয়ারীমে বিশ বছর থাকলো আর তখন লোকেরা সত্যি সত্যিই ঈশ্বরের খোঁজ করতে লাগলেন।
আমরা আমাদের শত্রুদের হাতে যন্ত্রনা ভোগ করেছি।
ঈশ্বর আমাদের ত্যাগ করেছিলেন কারণ আমরাও তাঁকে ত্যাগ করেছিলাম।
যদি তোমরা তোমাদের সমস্ত অন্তরের সঙ্গে আবার সদাপ্রভুর কাছে ফিরে আসতে চাও, তবে তোমাদের মধ্য থেকে অন্য জাতিদের দেব-দেবতাদের দূর করে দাও।
আমরা তাই করব! আর আমরা শুধুমাত্র সদাপ্রভুর সেবা করতে চাই।
তাহলে মিস্পাতে আমার সাথে দেখা কর।
লোকেরা উপবাস সহকারে সদাপ্রভুর কাছে তাদের পাপ স্বীকার করল।
তারা পুনরায় ঈশ্বরের আরাধনা করতে লাগলেন।
পলেষ্টিয়রা আমাদের বিরুদ্ধে জড়ো হয়েছে।
তাদেরকে আসতে দাও।



১ শমূয়েল ৭:২ - ১০


আঘাত!
এটা কি?!
বুম!
এটা নিশ্চয় আবারও ইস্রায়েলীয়দের ঈশ্বরের কাজ--পালাও!
ঈশ্বর আমাদের সঙ্গে আছেন!
দেখ কিভাবে পলেষ্টিয়রা আমাদের সামনে থেকে পালিয়ে যাচ্ছে।
তাদের পিছু নাও--ঈশ্বর তাদেরকে আমাদের হাতে তুলে দিয়েছেন।
হে ইস্রায়েলের লোকেরা, এই দিনের কথা মনে রেখ।
এই পাথরের খামটা সাক্ষী রইল যে, "এই পর্যন্ত সদাপ্রভু আমাদের সাহায্য করেছেন।"
এই পর্যন্ত সদাপ্রভু আমাদের সাহায্য করেছেন।
এই পর্যন্ত সদাপ্রভু আমাদের সাহায্য করেছেন!
শমূয়েল যতদিন বেঁচে ছিলেন ততদিন পর্যন্ত সদাপ্রভু পলেষ্টিয়দের বিরুদ্ধে ছিলেন।
এরপর শমূয়েল যতদিন বেঁচে ছিলেন ততদিন ইস্রায়েলীয়দের শাসন করেছিলেন।

১ শমূয়েল ৭:১০-১৭



# SUPERBIBLE.TV